# মুখতাসার সহীহ আল-বুখারী

## হাদিস নাম্বারঃ ২৭২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৩৫, ৪৩৬]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ পূর্বোক্ত আলোচনার সাথে সম্পৃক্ত অন্য একটি অধ্যায়

باب

আরবী

ـ عن عَائِشَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ عَبَّاسٍ رَضِيَ الله عَنْهُمْ قَالا: لَمَّا نَزَلَ بِرَسُولِ اللَّهِ ، طَفِقَ يَطْرَحُ خَمِيصَةً لَهُ عَلَى وَجْهِهِ، فَإِذَا اغْتَمَّ بِهَا كَشَفَهَا عَنْ وَجْهِهِ، فَقَالَ وَهُوَ كَذَلِكَ لَعْنَةُ اللَّهِ عَلَى الْيَهُودِ وَالنَّصَارَى اتَّخَذُوا قُبُورَ أَنْبِيَائِهِمْ مَسَاجِدَ. يُحَذِّرُ مَا صَنَعُوا

বাংলা

২৭২) আয়েশা (রাঃ) এবং আব্দুল্লাহ ইবনে আব্বাস হতে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন মৃত্যু শয্যায় উপনীত হলেন তখন তাঁর চেহারা মুবারকের উপর একটি চাঁদর টেনে নিতে লাগলেন। যখন কষ্ট অনুভব হত তখন তিনি মুখের উপর থেকে চাদরটি সরিয়ে ফেলতেন এবং বলতেনঃ ইহুদী-খৃষ্টানদের প্রতি আল্লাহর লা'নত। তারা তাদের নবীদের কবরগুলোকে মসজিদে পরিণত করেছে। ইয়াহুদ-নাসারাদের কাজ থেকে মু'মিনদেরকে সতর্ক করাই ছিল এ কথার উদ্দেশ্য।

টিকাঃ অতি দুঃখের সাথে বলতে হয় যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামএর এহেন সকল গুরুত্বপূর্ণ উপদেশ তাঁর বহু উম্মাত আজ এমনভাবে উপেক্ষা করছে যে, তিনি যা বাতিল করে গেলেন, তারা অলী-আওলীয়ার দোহাই তুলে সেটিকেই দ্বীন হিসাবে পরিগণিত করা নিজেদের গুরু দায়িত্ব ভেবে নিয়েছে। উপরন্তু এটাকে আবার নবী সাল্লাললাহু আলাইহি ওয়া সাল্লামএর নামে চালিয়ে দিয়ে তাঁর আদর্শের সাথে ঘাতকতা করে তারাই খাঁটি সুন্নী হওয়ার দাবি করে। আল্লাহর বান্দাদেরকে মানুষের বান্দা ও গোলাম বানিয়ে ছাড়ছে। আল্লাহ তাআলা সবাইকে শির্ক ও বিদআত থেকে হেফাজত করুন।

## English

Chapter

Narrated `Aisha and `Abdullah bin `Abbas:

When the last moment of the life of Allah's Messenger (ﷺ) came he started

putting his 'Khamisa' on his face and when he felt hot and short of breath he took it off his face and said, "May Allah curse the Jews and Christians for they built the places of worship at the graves of their Prophets." The Prophet (ﷺ) was warning (Muslims) of what those had done.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89570

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন